

জেলা ইনোভেশন টিম এর ফেব্রুয়ারি/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর কক্ষ, মাদারীপুর

তারিখ: ২৫ ফেব্রুয়ারি, ২০১৬

সময়: সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-

১. জনাব মোহাম্মদ বারিউল করিম খান, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মো: শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়নের সুবিধার্থে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ জেলা ও উপজেলা ইনোভেশন টিম এর উপস্থিতিতে ১৩-১৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক মনোনীত লিড ফ্যাসিলিটের হিসেবে জনাব মো: আবুল খায়ের, উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর ও সহকারী ফ্যাসিলিটের হিসেবে জনাব মো: আবুল কাশেম, উপজেলা পরিবার-পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল দায়িত্ব পালন করেন। কর্মশালায় ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন পদ্ধতি আলোচিত হয়েছে মর্মে জেলা ইনোভেশন অফিসার উল্লেখ করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

➤ ১ নং আলোচ্য বিষয়

বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত।

সিদ্ধান্ত: গত সভার সিদ্ধান্ত মোতাবেক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণয়নকৃত ও প্রস্তুতকৃত বার্ষিক ইনোভেশন প্রতিবেদন-২০১৫ ও বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬ ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয় ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম বরাবর (হার্ড কপি ডাকযোগে ও ফ্যাক্সে এবং সফটকপি ই-মেইলে প্রেরণ করা হয়েছে। জেলা ও উপজেলা বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ ২ নং আলোচ্য বিষয়

সরকারি দপ্তরে নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ।

- ❖ সিদ্ধান্ত: সরকারি পর্যায়ে দপ্তরসমূহের মধ্যে অনলাইনের মাধ্যমে আন্তঃযোগাযোগ শতভাগ নিশ্চিতকরণের নিমিত্ত সকল সরকারি দপ্তরে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত পত্র বিনিময়কে অগ্রাধিকার দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

❖ ৩. বিবিধ আলোচ্য বিষয়

মাসিক ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহবান ও ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৬ কে সফলভাবে আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খালেদ মোহাম্মদ জাকী)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর

ফোন: +৮৮০৬৬১-৬২৬২৭

e-mail: adcgmadaripur@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫- ৬৫/০

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০১৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা। (দৃ:আ:- মাহফুজা বেগম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃ:আ:- শাফিয়া আক্তার শিমু, সহকারী কমিশনার (উন্নয়ন)।
৩. জেলা প্রশাসক, মাদারীপুর।
৪. জনাব খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজৈর/শিবচর।
৬. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৯. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।



(মোহাম্মদ বারিউল করিম খান)

নেজারত ডেপুটি কালেক্টর ও

সহকারী কমিশনার (আইসিটি)

ফোন: +৮৮০৬৬১-৬১৩৭৭

e-mail: ictcellmadaripur@gmail.com